

## ১ সিগন্যাল ব্যাটালিয়ন।

- বাংলাদেশ সেনাবাহিনীর ইতিহাসে আজ প্রথমবারের মত কোন সিগন্যাল ইউনিট রেজিমেন্টাল কালার অর্জন করল, যা ১ সিগন্যাল ব্যাটালিয়ন তথা কোর অব সিগন্যালস্ এর ইতিহাসে একটি গৌরবময় অধ্যায়ের সূচনা করল।
- বাংলাদেশ সেনাবাহিনীতে প্রতিষ্ঠিত প্রথম সিগন্যাল ইউনিট ১ সিগন্যাল ব্যাটালিয়ন।

- ১৯৭১ সালে যাত্রা শুরুর পর হতে “অপারেশন আলোর সন্ধানে” এবং “অপারেশন নবযাত্রা” সহ অর্পিত সকল দায়িত্ব অত্যন্ত সফলতার সাথে পালন করেছে।
- এই ইউনিট বিগত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে ভোট গ্রহণে সকল প্রকার কারিগরী সহায়তা সফলতার সাথে প্রদান করে, যা সকল মহলে প্রশংসিত হয়।
- এছাড়াও ১ সিগন্যাল ব্যাটালিয়ন ফরমেশন পর্যায়ে প্রশিক্ষণ প্রতিযোগিতা ও খেলাধুলায় অদ্যাবধি ৪৬টি ট্রফি অর্জন করতে সক্ষম হয়।